


শাহের ম.শায়েখ

দ্বৈরথ



পাষান গহ্বরে জেগে উঠা;  
জেগে উঠা এই অবিন্যস্ত রাতে,  
কমরেড  
পিয়া'র তন্দ্রহীন চোখে সূর্য-নিকশি  
নিরেট রাতের স্তব্ধ কোলে “অয়ন”  
কেঁদে উঠে, শৃঙ্খলে নড়েচড়ে মুক্তি-দর্শনঃ

ধবংসের সাহস কেঁপে কেঁপে বেড়ে উঠে  
অকর্ষিত মগজে দ্বৈরথে পৃথিবীময়  
পাষানে পুঁতেছে স্বজনের  
শোক-শক্তি বিনাশ সময়।